

কক্সবাজার, ২৭ মে ২০১৮, প্রেস বিজ্ঞপ্তি:

উখিয়ার বালুখালী ক্যাম্প-৯এ কোস্ট ট্রাস্ট ও মার্সি মালয়েশিয়ার যৌথ উদ্যোগে নির্মিত মা ও শিশু স্বাস্থ্যসেবার শুভ উদ্বোধন সম্পন্ন হয়েছে।

## রোহিঙ্গা শিশু ও মায়েদের স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত করা জরুরি

২৭ মে ২০১৮ খ্রি: সকাল ১১টায় উখিয়ার বালুখালী ক্যাম্প-৯ এ কোস্ট ট্রাস্ট এবং মার্সি মালয়েশিয়ার যৌথ উদ্যোগে নির্মিত মা ও শিশু স্বাস্থ্য সেবা কেন্দ্রের শুভ উদ্বোধন হয়। উক্ত উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কোস্ট ট্রাস্টের নির্বাহী পরিচালক জনাব রেজাউল করিম চৌধুরী এবং প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার-উখিয়া সার্কেল চাই লাউ মার্মা, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইঞ্জিনিয়ার হানাফি রামলি, নির্বাহী পরিষদ সদস্য, মার্সি মালয়েশিয়া, ইঞ্জিনিয়ার আমরান মাহজান, নির্বাহী পরিচালক, মার্সি মালয়েশিয়া, ডা: মেহরাজ, উখিয়া উপজেলা স্বাস্থ্য কর্মকর্তার কার্যালয়, পালংখালী ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান, নুরুল আবছার চৌধুরী প্রমুখ। স্থানীয় কুতুপালং জামে মসজিদের পেশ ইমাম বেলাল উদ্দিনের কোরআন তেলওয়াত এর মধ্যদিয়ে অনুষ্ঠান শুরু হয়। অনুষ্ঠানের শুরুতে স্বাগত বক্তব্য রাখেন জনাব রেজাউল করিম চৌধুরী। তিনি মার্সি মালয়েশিয়ার সাথে কোস্ট ট্রাস্টের পার্টনারশীপের শুরুত্বের কথা তুলে ধরেন এবং মার্সিকে ধন্যবাদ জানান এমন একটি মহৎ কাজে কোস্টকে সহযোগিতা করার জন্য। তিনি রোহিঙ্গা মা ও শিশুদের পাশাপাশি এই হাসপাতালের আশপাশে যারা স্থানীয় জনসাধারণ আছে তাদেরকেও পর্যায়ক্রমে স্বাস্থ্য সেবার আওতায় আনা হবে বলে জানান।

প্রধান অতিথির বক্তব্যে অতিরিক্ত পুলিশ সুপার উখিয়া সার্কেল চাই লাউ মার্মা বলেন, কোস্ট ট্রাস্ট শুরু থেকে রান্না করা খাবার, বিশুদ্ধ খাবার পানি এবং বিভিন্ন ক্যাম্প স্থাপনে প্রশাসনকে সহযোগিতা করে আসছে এবং বিভিন্ন ক্যাম্পে টয়লেট, গভীর নলকূপ স্থাপন করে যাচ্ছে এমনকি পুলিশ ক্যাম্পের জন্য ও পাঁচটি গোসলখানা তৈরি করে দিয়েছে। এই সময়ে এসে শিশু ও মায়েদের চিকিৎসার জন্য একটি হাসপাতাল তৈরি সত্যিই প্রশংসার দাবীদার এবং তিনি এই মহৎ উদ্যোগের জন্য কোস্ট ট্রাস্টের পাশাপাশি মার্সি মালয়েশিয়াকেও ধন্যবাদ জানান। কুতুপালং ক্যাম্পের হেড মাঝি ইমাম হোসেন তার বক্তব্যে বলেন, “এই হাসপাতালের মাধ্যমে অন্তত ০৯ নাম্বার ক্যাম্পে বসবাসরত রোহিঙ্গা নারী ও শিশুরা স্বাস্থ্য সেবা পাবে। আমাদের খাদ্যের সমস্যা আমরা কিছুটা হলেও লাঘব করতে পেরেছি। তাই এমন একটি সময়ে শিশুদের এবং নারীদের জন্য একটি হাসপাতাল তৈরি করায় তিনি কোস্ট এবং মার্সিকে ধন্যবাদ জানান। পালংখালী ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান নুরুল আবছার চৌধুরী বলেন, “আমার ওয়ার্ডেই সবচেয়ে বড় রোহিঙ্গা ক্যাম্প এই ক্যাম্পে প্রতিদিন রোহিঙ্গা নারী ও শিশুদের মৃত্যু হচ্ছে চিকিৎসার অভাবে। এমন একটি সময়ে শিশু ও মায়েদের জন্য হাসপাতাল তৈরি একটি ভাল উদ্যোগ এবং তিনি তার পরিষদের পক্ষ থেকে সর্বোচ্চ সহযোগিতা করবেন বলে জানান।” উখিয়া উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যান কর্মকর্তার কার্যালয়ের ডাক্তার মেহরাব বলেন, “মার্সি মালয়েশিয়া একটি আন্তর্জাতিক সংস্থা বিশ্বের বিভিন্ন জায়গায় শরণার্থীদের স্বাস্থ্যসেবা দিয়ে যাচ্ছে তারই ধারাবাহিকতায় তারা বাংলাদেশের আগত রোহিঙ্গা জনগোষ্ঠীর পাশে এসে দাঁড়িয়েছে এবং সময়োপযোগী শিশু ও মায়েদের জন্য একটি হাসপাতাল তৈরি করেছে। তিনি বলেন, নবজাতক কিংবা গর্ভবতী কোন নারীকে এই হাসপাতাল থেকে রেফার করা হলে তারা শুরুত্ব সহকারে দেখবেন”। কক্সবাজার চেম্বার অব কমার্সের সভাপতি আবু মোর্শেদ চৌধুরী বলেন, এটি একটি সময়োপযোগী সিদ্ধান্ত এবং তিনি অন্যান্য জাতীয় এবং আন্তর্জাতিক সংস্থাগুলোকে অনুরোধ জানান স্বাস্থ্য বিষয়ে শুরুত্ব দিয়ে কাজ করার জন্য। মার্সি মালয়েশিয়ার নির্বাহী পরিচালক ইঞ্জিনিয়ার আমরান মাহজান বলেন, কোস্ট ট্রাস্ট বাংলাদেশে একটি পরিচিত এবং নির্ভরযোগ্য সংগঠন। তাদের সাথে পার্টনারশীপে কাজ করতে পেরে আমরা গর্বিত এবং হাসপাতালের মাধ্যমে আমরা আমাদের অংশীদারিত্ব চালিয়ে নিব যার মাধ্যমে শরণার্থী এবং স্থানীয় জনগোষ্ঠী উপকৃত হবেন। তিনি হাসপাতালে কর্মরত সকল কর্মীকে ধন্যবাদ জানান”।

অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে কোস্ট ট্রাস্টের নির্বাহী পরিচালক ও মার্সি মালয়েশিয়ার নির্বাহী পরিচালক সবাইকে সাথে নিয়ে ফিতা কেটে হাসপাতালটির শুভ উদ্বোধন করেন এবং সকল অতিথিদের নিয়ে হাসপাতালের বিভিন্ন রুম পরিদর্শন করেন। মোনাজাতের মাধ্যমে এই হাসপাতালটির মাধ্যমে নারী ও শিশুরা যেন সঠিক এবং যথাযথ স্বাস্থ্যসেবা পায় সে লক্ষ্যে দোয়া করা হয়। মিডিয়ার বন্ধদের মধ্যে

উপস্থিত ছিলেন এনাটিভ জেলা প্রতিনিধি ইকরাম চৌধুরী টিপু, বৈশাখী টিভির জেলা প্রতিনিধি নেছার আহমদ, নিউজ ২৪ এর জেলা প্রতিনিধি ইসমত আরা ইসু, ইটিভির জেলা প্রতিনিধি আব্দুল আজিজ, চ্যানেল আই এর ক্যামেরাম্যান নুরুল আলম, এটিএন বাংলার জেলা প্রতিনিধি মোয়াজ্জেম হোসেন শাকিল, জিটিভির জেলা প্রতিনিধি উমর ফারুখ হিরু এবং নিউজ ২৪ এর ক্যামেরাম্যান উত্তম মার্মা প্রমুখ। সর্বশেষ সভাপতির বক্তব্যে কোস্ট ট্রাস্টের নির্বাহী পরিচালক রেজাউল করিম চৌধুরী উপস্থিত সকলকে উপস্থিত হওয়ার জন্য ধন্যবাদ এবং কৃতজ্ঞতা জানান। পুরো অনুষ্ঠানটি সঞ্চালনা করেন কোস্ট ট্রাস্টের পরিচালক জনাব সনত কুমার ভৌমিক।

প্রতিবেদনকারীর নাম

জাহাঙ্গীর আলম

আঞ্চলিক টিম লিডার

কোস্ট ট্রাস্ট, কক্সবাজার অঞ্চল।

মোবাইল নাম্বার: ০১৭১৩-৩২৮৮২৭।